গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পঞ্চগড় সদর, পঞ্চগড়

এবং

জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য দপ্তর, পঞ্চগড়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৭

# উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মৎস্যখাত উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ প্রতিষ্ঠার অগ্রযাত্রায় গুরুত্বপুর্ণ অংশীদার। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী মৎস্যখাতে জিডিপি প্রবৃদ্ধি ২.৪১ শতাংশ এবং কৃষিজ জিডিপি'র ২২.14 শতাংশ মৎস্যখাতের অবদান। দৈনন্দিন মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ দাড়িয়েছে ৬৭.৮০ গ্রাম (এইচআইইএস, ২০২২)। বিগত তিন অর্থবছরে (২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩) মোট মৎস্য উৎপাদন ছিল ৪৬.২১, ৪৭.৫৯ ও ৪৯.১৫ লক্ষ মেট্রিক টন। বিগত তিন অর্থবছরে (২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩) 7৬৫৯১.৬৯, ৭৪০৪২.৬৭ ও 69880.59 মে.টন মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি করে যথাক্রমে ৪০৮৮.৯৬, ৫১৯১.৭৫ ও 4790.34 কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মাছ উৎপাদন ও বদ্ধ জলাশয়ে চাষকৃত মাছ উৎপাদনে বাংলাদেশ বিশ্বে যথাক্রমে ৩য় ও ৫ম স্থান অধিকার করেছে (এফএও, ২০২২)।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

- ব্রুডস্টকের অবক্ষয়, গুণগত মানসম্পন্ন পোনা, খাদ্য ও অন্যান্য উপকরণের অপর্যাপ্ততা;
- জলাবদ্ধতা, মাছের মাইগ্রেশন বাধাপ্রাপ্ত হওয়া ও জীববৈচিত্র্য হ্রাস;
- মাছের প্রজনন ও বিচরণক্ষেত্র সংকুচিত ও বাধাগ্রস্ত হওয়া;
- গলদা ও বাগদা চাষের ক্ষেত্রে গুণগত মানসম্পন্ন ও ভাইরাসমুক্ত পিএল এর অপর্যাপ্ততা;
- অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থা অপ্রতুল; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের মজুদ নির্ণয়, স্থায়িত্বশীল আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারের নির্বাচনী ইশতেহার, ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে উন্নীতকরণ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এ উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (২০২১-২০২৫) মৎস্য সেক্টরে অর্জিতব্য প্রধান লক্ষ্যসমূহ নির্ধারণ করা হয়েছে:

- চাষকৃত মাছের উৎপাদন ২০১৯-২০ সালের (২৫.৮৩ লক্ষ মেট্রিক টন) তুলনায় ১২.৫০ শতাংশ এবং মোট মাছের উৎপাদন ১১ শতাংশ বৃদ্ধি করা;
- দৈনিক মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ ৭৩ গ্রাম নিশ্চিত করা;
- হিমায়িত চিংড়ি, মাছ ও ভ্যালু অ্যাডেড মৎস্যপণ্য রপ্তানি বৃদ্ধিকরণ;
- বেকার যুবক ও যুবমহিলাদের জন্য অধিকতর কর্মসংস্থান সৃষ্টি ও মৎস্যচাষে ২০-২৫ শতাংশ নারীর অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- আন্তর্জাতিক বাজারে মাছ ও চিংড়ি সরবরাহের প্রতিটি ধাপে উত্তম চাষ ব্যবস্থাপনা ও সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- পঞ্চগড় সদর উপজেলায় ৭টি প্রদর্শনী মৎস্য খামার ও ২টি বিল নার্সারি স্থাপন, ০.৬ মেট্রিক টন পোনা মাছ অবমুক্তকরণ, এবং ৪টি মৎস্য খাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও নবায়ন;
- দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ৯০ জন মৎস্যচাষি/সুফলভোগী ও ০ জন মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান;
- মৎস্যসম্পদ উন্নয়নে ১০ টি অভিযান পরিচালনা, ০ জনমৎস্যজীবীর বিকল্প কর্মসংস্থান সৃষ্টি; এবং
- এ সকল কার্যক্রমের মাধ্যমে ২০২৪-২৫ অর্থবছরে মাছের উৎপাদন ৪2.55 লক্ষ মেট্রিক টনে উন্নীতকরণে অবদান রাখা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পঞ্চগড় সদর, পঞ্চগড়

এবং

জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য দপ্তর, পঞ্চগড়-এর মধ্যে ২০২৪ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

মৎস্য ও মৎস্যজাত উৎস হতে প্রাণিজ আমিষের পুষ্টি চাহিদা পূরণ, দারিদ্র্য হ্রাস ও রপ্তানি আয় বৃদ্ধি।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্য ও চিংড়িসহ অন্যান্য গুরুত্বপূর্ণ জলজসম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে গুণগত মানের পুষ্টি চাহিদা পূরণ এবং রপ্তানি আয় বৃদ্ধি এবং দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি, তথা বাংলাদেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নয়ন সাধন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;
২. স্থায়িত্বশীল মৎস্যচাষ উন্নয়ন ও ব্যবস্থাপনা;
৩. নিরাপদ মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণের মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারে নিরাপদ খাদ্য সরবরাহ; এবং
৪. দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. 1. বিল নার্সারি স্থাপন;
২. 2. জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ;
৩. 3. জলাশয়ভিত্তিক মৎস্যজীবীদের সংগঠিত করা ও পরিচালনা;
৪. 4. মৎস্যজীবী/সুফলভোগীদের জলাশয় ব্যবস্থাপনা/ আইন প্রতিপালন বিষয়ক সচেতনতা সৃষ্টি /উদ্বুদ্ধকরণ;
৫. 5. মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ;
৬. 6. মৎস্যচাষ প্রযুক্তি ও সী-উইড চাষ প্রযুক্তি সম্প্রসারণ;
৭. 7. মৎস্য খামার যান্ত্রিকীকরণ ও মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন
৮. 8. মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও মৎস্য খাদ্য পরীক্ষা;
৯. 9. মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান;
১০. 10. সরকারি হ্যাচারি/মৎস্যবীজ খামারে মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন;
১১. 11. উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন;
১২. 12. কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান;
১৩. 13. মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান; এবং
১৪. 14. মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ বৃদ্ধি | মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ | ওজন (গ্রাম/দিন) | ৬৯.২৫* | ৭৩.০০ | ৭৫.৫০ | ৭৬.৫০ | ৭৭.৫০ | ভূমি মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী সংস্থা | মৎস্য অধিদপ্তরীয় রিপোর্ট, বিবিএস, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| মাছের উৎপাদন বৃদ্ধি | মাছ উৎপাদনের পরিমাণ** | মে.টন | ৩৮২৩ | ৪১৭৩ | ৪৪৭০ | ৪৭৭০ | ৫০০০ | স্থানীয় প্রশাসন, উন্নয়ন সহযোগী সংস্থা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। | মৎস্য অধিদপ্তরীয় রিপোর্ট, এফআরএসএস |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি; | ২৫ | [১.১] বিল নার্সারি স্থাপন | [১.১.১] স্থাপিত বিল নার্সারি | সমষ্টি | সংখ্যা | ৫ | ১ | ১ | ২ | ১ | ০ | ০ | ০ | ৩ | ৪ |
| | | [১.২] জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ | [১.২.১] অবমুক্তকৃত পোনার পরিমাণ | সমষ্টি | পরিমাণ ( মে.টন) | ৫ | ০.৫০ | ০.৬০ | ০.৬০ | ০.৫৪ | ০.৪৮ | ০.৪২ | ০.৩৬ | ০.৬২ | ০.৬৫ |
| | | [১.৩] মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ | [১.৩.১] স্থাপিত নতুন মৎস্য অভয়াশ্রম | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ১ | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | ৩ |
| | | | [১.৩.২] রক্ষণাবেক্ষণকৃত মৎস্য অভয়াশ্রম | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ১ | ২ | ১ | ০ | ০ | ০ | ৩ | ৪ |
| | | [১.৪] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.৪.১] পরিচালিত অভিযান | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮ | ৯ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] স্থায়িত্বশীল মৎস্যচাষ উন্নয়ন ও ব্যবস্থাপনা; | ২৫ | [২.১] মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণ | [২.১.১] স্থাপিত প্রদর্শনী খামার | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ৫ | ৭ | ৫ | ৪ | ৩ | ২ | ৮ | ১০ |
| | | | [২.১.২] আয়োজিত মাঠ দিবস/মত বিনিময় সভা/সচেতনতামূলক সভা/ পরামর্শ দিবস/আয়োজিত মৎস্য মেলা/মৎস্যচাষি র্যা লি | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | ১ | ৫ | ৬ |
| | | [২.২] আইওটি (IOT)-বেইজড সরকারি/ বেসরকারি খামার যান্ত্রিকীকরণ ও উৎপাদন ব্যবস্থাপনা স্থাপন | [২.২.১] উন্নয়ন সহায়তা / চাষির নিজ উদ্যোগে স্থাপিত যন্ত্রপাতি | সমষ্টি | সংখ্যা | ৪ | ০ | ০ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | | [২.৩] মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন | [২.৩.১] উৎপাদনকারী সংগঠনের দক্ষতা উন্নয়ন/আহরণ পরবর্তী পরিচর্যা কেন্দ্র উন্নয়ন/ডিপো/বরফকল উন্নয়ন/আড়ৎ উন্নয়ন | সমষ্টি | সংখ্যা | ৪ | ২ | ৩ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৯ | ১০ |
| | | [২.৪] মৎস্য খাদ্য ও উপকরণ ব্যবস্থাপনা | [২.৪.১] প্রদানকৃত/ নবায়নকৃত মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | ১ | ৫ | ৬ |
| | | | [২.৪.২] পরীক্ষিত মৎস্য খাদ্য নমুনা | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ২ | ২ | ২ | ১ | ১ | ১ | ৩ | ৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.৫] মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান | [২.৫.১] পরামর্শ প্রদানকৃত মৎস্যচাষি | সমষ্টি | সংখ্যা (জন) | ৩ | ২০০ | ২২০ | ২২০ | ১৯৮ | ১৭৬ | ১৫৪ | ১৩২ | ২২৫ | ২৩০ |
| [৩] নিরাপদ মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণের মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারে নিরাপদ খাদ্য সরবরাহ; এবং | ১০ | [৩.১] উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | [৩.১.১] আয়োজিত উদ্বুদ্ধকরণ/ সচেতনামুলক সভা | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ০ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ৩ |
| | | [৩.২] এফআইকিউসি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা | [৩.২.১] পরিচালিত অভিযান | সমষ্টি | সংখ্যা | ৫ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ৩ |
| [৪] দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি। | ১০ | [৪.১] মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত মৎস্যচাষি, মৎস্যজীবীসহ অন্যান্য সুফলভোগী | সমষ্টি | সংখ্যা (জন) | ৫ | ৭০ | ৭০ | ৯০ | ৮১ | ৭২ | ৬৩ | ৫৪ | ৯০ | ১০০ |
| | | [৪.২] মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি | [৪.২.১] বিকল্প কর্মসংস্থানের উপকরণ প্রাপ্ত সম্পৃক্ত সুফলভোগী | সমষ্টি | সংখ্যা (জন) | ৫ | ৭ | ০ | ১৭ | ১৪ | ১০ | ৮ | ৬ | ২০ | ২৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পঞ্চগড় সদর, পঞ্চগড়, জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য দপ্তর, পঞ্চগড়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য দপ্তর, পঞ্চগড় হিসাবে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়,<br>পঞ্চগড় সদর, পঞ্চগড় | 25.06.2024<br>তারিখ |
| জেলা মৎস্য কর্মকর্তা<br>জেলা মৎস্য দপ্তর, পঞ্চগড় | ২৫/৬/২৪<br>তারিখ |